গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ ভবন**
পরিবেশ অধিদপ্তর, ই/১৬ আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd / www.ozonecellbd.com

পত্র সংখ্যা ঃ পরিবেশ/ওডিএস(লাইসেন্স)/৯১৫(৩২তম খন্ড)/২০০৫-১০৪ তারিখ ঃ ০৮ আগষ্ট ২০২৪

**বিষয় ঃ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের ২০২৪ সালের ৪র্থ কিস্তি এইচএফসি আমদানি লাইসেন্স প্রদান সংক্রান্ত লাইসেন্স কমিটির সভার কার্যবিবরণী।**

**সভাপতি** ঃ জনাব মোঃ ছিদ্দিকুর রহমান, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
**স্থান** ঃ সভাকক্ষ (কক্ষ নং-৬০৫), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
**তারিখ ও সময়** ঃ ০৬ আগষ্ট, ২০২৪; বেলা ০২:০০ ঘটিকা।

**সভায় উপস্থিত কমিটির সদস্য/কর্মকর্তাদের তালিকা ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

ক) জনাব মোঃ জিয়াউল হক, পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
খ) মির্জা শওকত আলী, পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
গ) জনাব মোঃ মহিউদ্দিন মানিক, উপ-পরিচালক ও প্রকল্প পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ঘ) ড. মোহাম্মদ আব্দুল মোতালিব, উপ-পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা) ও সদস্য সচিব, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

০২। **পটভূমি ঃ**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের এইচএফসি-এর আমদানি লাইসেন্স প্রদান সংক্রান্ত কমিটির সদস্য-সচিবকে সভার বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুরোধের প্রেক্ষিতে সদস্য সচিব সভার এজেন্ডা অনুযায়ী একে একে বিষয়াদি উপস্থাপন করেন।

মন্ট্রিল প্রটোকলের কিগালি সংশোধনী অনুযায়ী ২০২২ সাল হতে হাইড্রোফ্লোরোকার্বন (এইচএফসি)-এর আমদানি লাইসেন্স প্রদান করা হয়। ইতোপূর্বে এইচএফসি আমদানির জন্য কোন লাইসেন্স গ্রহণের প্রয়োজন ছিল না। প্রটোকল অনুযায়ী ২০২০, ২০২১ ও ২০২২ সালের গড় আমদানির উপর ভিত্তি করে বাংলাদেশের ভিত্তি পরিমাণ নির্ধারিত হয়েছে ৫৪,৭৩,৫৩২.০০ টন $CO_2$ (GWP) সমপরিমান। ২০২৪ সালে উক্ত পরিমানের বেশী এইচএফসি দ্রব্যাদি আমদানি ও ব্যবহার করা যাবে না।

২০২৪ সালে এইচএফসি-এর ৪র্থ কিস্তি আমদানির জন্য মোট ০৯টি আবেদনপত্র জমা পড়েছে, যা ৩,০৯,৬৫১.২৯ $CO_2$ সমপরিমান। আমদানিকারকগণ R-134a, R-410A ও R-32 আমদানির জন্য আবেদন করেছে।

২০২৪ সালের জানুয়ারি মাসে এইচএফসি-এর ১ম কিস্তি বরাদ্দের সময় ৩,৩৩,৭৪৩.০০ টন $CO_2$ সমপরিমান, ২য় কিস্তি ২৬,৬৯,৬০২.০০ টন $CO_2$ সমপরিমান এবং ৩য় কিস্তি ১১,৩৮,২৭০.২৭ টন $CO_2$ সমপরিমান অর্থাৎ মোট ৪১,৪১,৬১৫.২৭ টন $CO_2$ সমপরিমান সমপরিমান এইচএফসি বরাদ্দ করা হয়। তাই, ৩য় কিস্তি

দেওয়ার পর ১৩,৩১,৯১৬.৭৩ $CO_2$ সমপরিমান অবশিষ্ট রয়েছে। এখান থেকে আবেদনকৃত ৩,০৯,৬৫১.২৯ টন $CO_2$ সমপরিমান দেয়ার পরও আরো ১০,২২,২৬৫.৪৪ টন $CO_2$ সমপরিমান অবশিষ্ট থাকবে, যা পরবর্তীতে আবেদনের ভিত্তিতে বরাদ্দ প্রদান করা যাবে।

০৩। **সিদ্ধান্ত ঃ**

**ক)** অতঃপর সভার সদস্যগণ আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে ২০২৪ সালের কোটা থেকে সর্বসম্মতিক্রমে নিম্নে উল্লিখিত প্রতিষ্ঠানের অনুকূলে তাদের নামের পাশে বর্ণিত পরিমাণে এইচএফসি আমদানির লাইসেন্স প্রদানের জন্য সুপারিশ করেনঃ

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | এইচএফসির-নাম | বরাদ্দের পরিমান এইচএফসি (মে.টন) | GWP |
|---|---|---|---|---|---|
| ক) উৎপাদনকারী প্রতিষ্ঠান | | | | | |
| ১. | Walton Hi-Tech Industries PLC | Chandra, Kaliakoir, Gazipur | R-410A | 29.222 | 61000.925 |
| ২. | Walton Hi-Tech Industries PLC | Chandra, Kaliakoir, Gazipur | R-32 | 222.509 | 150193.575 |
| ৩. | Cooling Point Marketing Company | 14/Ka, PC Culture Bhaban, Room No-1/A (2nd Floor), Shyamoli, Adabor, Dhaka | R-32 | 10.925 | 7374.375 |
| খ) বাণিজ্যিক প্রতিষ্ঠান | | | | | |
| ৪. | Alook Refrigeration Co. Ltd | 47/1 Shahid Tajuddin Ahmed Sharani, Rasulbagh, Mohakhali, Dhaka | R-410A | 0.565 | 1179.438 |
| ৫. | Alook Refrigeration Co. Ltd | 47/1 Shahid Tajuddin Ahmed Sharani, Rasulbagh, Mohakhali, Dhaka | R-134a | 0.680 | 972.400 |
| ৬. | Healthcare Pharmaceuticals Limited | 89, Bir Uttam CR Datta Road, Dhaka | R-134a | 4.125 | 5898.750 |
| ৭. | Ruhul Amin Refrigeration | 53/1 BCC Road, Dhaka | R-32 | 9.500 | 6412.500 |
| ৮. | JBR Trade International | Arkan Road, Bahardarhat, Chandgaon, Chattogram | R134a | 15.640 | 22365.200 |
| ৯. | Dewan Electric & Co. | Shop-9, Plot-22, Rob Super Market, Gulshan-2, Dhaka | R-410A | 25.990 | 54254.125 |
| | | | সর্বমোট | **319.156** | **3,09,651.29** |

খ) ২০২৪ সালের ৪র্থ কিস্তি বরাদ্দের পর মোট ১০,২২,২৬৫.৪৪ টন $CO_2$ সমপরিমান অবশিষ্ট থাকবে যা পরবর্তীতে আবেদনের ভিত্তিতে বরাদ্দ প্রদানের সুপারিশ করা হবে।

গ) বর্ণিত এইচএফসি আমদানি লাইসেন্সের মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৮/২০২৪

**(ড. মোহাম্মদ আব্দুল মোতালিব)**
উপপরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
সদস্য-সচিব

০৮/০৮/২৪

**(মোঃ মাইউদ্দিন মানিক)**
উপপরিচালক ও
প্রকল্প পরিচালক
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

০৮/০৮/২৪

**(মির্জা শওকত আলী)**
পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ও
সদস্য

৮/০৮/২০২৪

**(মোঃ জিয়াউল হক)**
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

০৮/০৮/২০২৪

**(মোঃ ছিদ্দিকুর রহমান)**
অতিরিক্ত মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
আহবায়ক